গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কারমাইকেল কলেজ, রংপুর
web:carmichaelcollege@gmail.com
Phone: 0521-62159, Fax:0521-54059, EIIN:127489

# জরুরী সভার বিজ্ঞপ্তি

নম্বরঃ

তারিখঃ ০৩/৭/২০২১

জাতীয় শুদ্ধাচার কৌশল কমিটির নৈতিকতা উপকমিটির আহবায়ক ও সকল সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, আগামী ০৫ জুলাই রোজ সোমবার সকাল ১০.৩০ মিনিটে জাতীয় শুদ্ধাচার কৌশল কমিটির নৈতিকতা উপকমিটির এক জরুরী সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় নৈতিকতা উপকমিটির সম্মানিত আহবায়ক ও সকল সদস্যবৃন্দকে যথা সময়ে উপস্থিত হওয়ার জন্য বিশেষ ভাবে অনুরোধ জানানো হলো।

**সভার স্থান ও আলোচ্য সূচী নিম্নরূপঃ**

**সভার স্থানঃ** অধ্যক্ষের কার্যালয়, কারমাইকেল কলেজ, রংপুর।

**সময়ঃ** সকাল ১০.৩০ মিনিট

**আলোচ্যসূচীঃ**

(ক) কলেজের কেন্দ্রিয় ও বিভিন্ন বিভাগের দাপ্তরিক কর্মকান্ডে নৈতিকতার মানদন্ড সংরক্ষণ প্রসঙ্গে।

(খ) কলেজ এর শিক্ষক ও কর্মচারীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করণ প্রসঙ্গে।

(গ) দূর্নীতি দমন প্রসঙ্গে

(ঘ) সততা স্টোর স্থাপন প্রসঙ্গে।

(ঙ) বিবিধ।

০৩.০৭.২১

প্রফেসর ড. মোঃ আমজাদ হোসেন-১০৩১৮
অধ্যক্ষ
কারমাইকেলকলেজ, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কারমাইকেল কলেজ, রংপুর
web:carmichaelcollege@gmail.com
Phone:0521-62159, Fax:0521-54059, EIIN:127489

নম্বরঃ

তারিখঃ০৫/৭/২০২১

## জাতীয় শুদ্ধাচার কৌশল কমিটির নৈতিকতা উপকমিটির এক জরুরী সভার কার্য বিবরণী

অধ্যক্ষ মহোদয়ের সভাপতিত্বে ০৫ জুলাই রোজ সোমবার সকাল ১০.৩০ মিনিটে জাতীয় শুদ্ধাচার কৌশল কমিটির নৈতিকতা উপকমিটির এক জরুরী সভা অনুষ্ঠিত হয়।

| সভায় উপস্থিত সদস্য বৃন্দেরনাম, পদবী | স্বাক্ষর |
| --- | --- |
| ১।প্রফেসর মোঃ আব্দুল কাদের, বিভাগীয় প্রধান রসায়ন ও আহবায়ক, জাতীয় শুদ্ধাচার কৌশল কমিটির নৈতিকতা উপকমিটি | ৫/৭/২১ |
| ২। জনাব মোঃ সাদিকুল ইসলাম, সহযোগী অধ্যাপক, অর্থনীতি ও সদস্য জাতীয় শুদ্ধাচার কৌশল কমিটির নৈতিকতা উপকমিটি | ৫/৭/২১ |
| ৩। জনাব মো ফিরোজুল ইসলাম, সহকারী অধ্যাপক, ইতিহাস ও জাতীয় শুদ্ধাচার কৌশল কমিটির নৈতিকতা উপকমিটি | 25.7.21 |

- অধ্যক্ষ মহোদয় সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য ধন্যবাদ দিয়ে সভার সূচনা করেন এবং সুশাসনের জন্য নৈতিকতার গুরুত্ব উল্লেখ পূর্বক সূচনা বক্তব্য রাখেন।

- নৈতিকতা উপকমিটির আহবায়ক প্রফেসর মোঃ আব্দুল কাদের সভার আলোচ্য সূচী উল্লেখ পূর্বক বলেন যে কলেজের দাপ্তরিক কর্মকান্ডে নৈতিকতার মান বজায় রাখার জন্য সার্বক্ষনিক তত্ত্বাবধান আবশ্যক ও সেবা গ্রহণকারীদের মতামত গ্রহণ বাঞ্ছণীয়।
  কলেজের শিক্ষক ও কর্মচারীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগণকে তাদের আওতাধীন শিক্ষক ও কর্মচারীদের নিয়মিত উপস্থিতির প্রতিবেদন (সপ্তাহ ভিত্তিক) প্রদানের নির্দেশনা প্রদান করা যেতে পারে বলে অভিমত প্রদান করেন।

- উপকমিটির সদস্য জনাব মোঃ সাদিকুল ইসলাম বলেন যে, কলেজের দাপ্তরিক কর্মকান্ড সার্বক্ষনিক পর্যবেকক্ষণের পাশাপাশি কলেজের দাপ্তরিক কর্মকান্ডে নিয়োজিত কর্মচারীদের নৈতিক গুণাবলী বিকাশের জন্য একটি কর্মশালা আয়োজন করা যেতে পারে।

  কলেজ এর কোন কর্মকর্তা অথবা কোন কর্মচারী কোন প্রকার দূর্নীতি এর সাথে যুক্ত রয়েছেন মর্মে অভিযোগ পাওয়া গেলে তাৎক্ষণিক তদন্ত কমিটি গঠণ করা এবং অভিযোগ প্রমাণিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা জরুরী বলে অভিমত পোষণ করেন।

উপকমিটির সদস্য জনাব মোঃ ফিরোজুল ইসলাম বলেন শিক্ষার্থীদের নৈতিকতার মান বাড়াতে সততা স্টোর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। প্রতিটি বিভাগের সামনে একটি করে সততা স্টোর স্থাপনের বিষয়ে মতামত দেন।

**<u>গৃহীত সিদ্ধান্ত সমূহঃ</u>**

অধ্যক্ষ মহোদয় সভার সকলের মতামত মনোযোগ দিয়ে শুনেন এবং পরবর্তীতে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

১। কলেজের দাপ্তরিক কর্মকান্ডে নৈতিক মান বজায় রাখার লক্ষ্যে মনিটরিং ব্যবস্থা জোরদার করা ও কর্মচারীদের নিয়ে নৈতিকতা সম্পর্কিত একটি কর্মশালা আয়োজন করা।

২। কলেজে সেবা গ্রহন করতে আসা সেবাগ্রহণ কারীদের নিকট দৈব চয়ন ভিত্তিক Feedback নেওয়া।

৩। বিভিন্ন বিভাগের শিক্ষক ও কর্মচারীদের উপস্থিতি সংক্রান্ত সাপ্তাহিক প্রতিবেদন প্রদানের জন্য বিভাগীয় প্রধানগণকে নির্দেশনা প্রদান করা।

৪। প্রতিটি বিভাগের সামনে একটি করে সততা স্টোর স্থাপন করা।

৫। পরবর্তী সভায় উপরিউক্ত সিদ্ধান্তগুলির বাস্তবায়ন পর্যালোচনা করা।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় অধ্যক্ষ মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

05.07.2021

সভাপতি

জাতীয় শুদ্ধাচার কৌশল কমিটির নৈতিকতা উপকমিটি

কারমাইকেল কলেজ, রংপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

কারমাইকেল কলেজ, রংপুর

web:carmichaelcollege@gmail.com
Phone:0521-62159, Fax:0521-54059, EIIN:127489

## জরুরী সভার বিজ্ঞপ্তি

নম্বরঃ  তারিখঃ ২০/৯/২০২১

জাতীয় শুদ্ধাচার কৌশল কমিটির নৈতিকতা উপকমিটির আহবায়ক ও সকল সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, আগামী ২৫ সেপ্টেম্বর রোজ শনিবার সকাল ১১.০ টায় জাতীয় শুদ্ধাচার কৌশল কমিটির নৈতিকতা উপকমিটির এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় নৈতিকতা উপকমিটির সম্মানিত আহবায়ক ও সকল সদস্যবৃন্দকে যথা সময়ে উপস্থিত হওয়ার জন্য বিশেষ ভাবে অনুরোধ জানানো হলো।

**সভার স্থান ও আলোচ্য সূচী নিম্নরূপঃ**

**সভার স্থানঃ** অধ্যক্ষের কার্যালয়, কারমাইকেল কলেজ, রংপুর।

**সময়ঃ** সকাল ১১.০০ টা

**আলোচ্য সূচীঃ**

(ক) পূর্ববর্তী সভার গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন পর্যালোচনা।

(খ) বিবিধ।

20.09.2021

প্রফেসর ড. মোঃ আমজাদ হোসেন-১০৩১৮

অধ্যক্ষ

কারমাইকেল কলেজ, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কারমাইকেল কলেজ, রংপুর

web:carmichaelcollege@gmail.com
Phone:0521-62159, Fax:0521-54059, EIIN:127489

নম্বরঃ তারিখঃ২৫/৯/২০২১

## জাতীয় শুদ্ধাচার কৌশল কমিটির নৈতিকতা উপকমিটির এক জরুরী সভার কার্য বিবরণী

অধ্যক্ষ মহদোয়ের সভাপতিত্বে ২৫ সেপ্টেম্বর রোজ শনিবার সকাল ১১.০০ টায় জাতীয় শুদ্ধাচার কৌশল কমিটির নৈতিকতা উপকমিটির পূর্ববর্তী সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়।

| সভায় উপস্থিত সদস্য বৃন্দেরনাম, পদবী | স্বাক্ষর |
|---|---|
| ১।প্রফেসর মোঃ আব্দুল কাদের, বিভাগীয় প্রধান রসায়ন ও আহবায়ক, জাতীয় শুদ্ধাচার কৌশল কমিটির নৈতিকতা উপকমিটি | 25/09/21 |
| ২। জনাব মোঃ সাদিকুল ইসলাম, সহযোগী অধ্যাপক, অর্থনীতি ও সদস্য জাতীয় শুদ্ধাচার কৌশল কমিটির নৈতিকতা উপকমিটি | ২৫/৯/২১ |
| ৩। জনাব মো ফিরোজুল ইসলাম, সহকারী অধ্যাপক, ইতিহাসও জাতীয় শুদ্ধাচার কৌশল কমিটির নৈতিকতা উপকমিটি | 25.9.21 |

- অধ্যক্ষ মহোদয় সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে যথাসময়ে সভায় উপসিস্থত থাকার জন্য ধন্যবাদ দিয়ে সভার সূচনা করেন এবং পূর্ববর্তী সভার গৃহিত সিদ্ধান্তগুলোর প্রেক্ষিতে কলেজের সার্বিক ইতিবাচক পরিবর্তনের বর্ণনা দেন। এ বিষয়ে আরো বিস্তারিত বলার জন্য আহবায়ক নৈতিকতা উপকমিটি কে অনুরোধ করেন।

- নৈতিকতা উপকমিটির আহবায়ক প্রফেসর মোঃ আব্দুল কাদের সভার আলোচ্য সূচী উল্লেখ পূর্বক বলেন যে কলেজের দাপ্তরিক কর্মকান্ডে নৈতিকতার মান বজায় রাখার জন্য যে সকল পদক্ষেপ ইতোমধ্যে গ্রহণ করা হয়েছে সেগুলোর ইতিবাচক ফলাফল পাওয়া যাচ্ছে। যেমন

  ১। সেবা গ্রহণকারীদের মতামত অনুযায়ী দাপ্তরিক কর্মকান্ডে কলেজে সেবার মান পূর্বের চেয়ে উন্নত হয়েছে। কলেজের ২। শিক্ষক ও কর্মচারীদের নিয়মিত উপস্থিতি সন্তোষ জনক হারে বৃদ্ধি পেয়েছে এবং

বিভাগীয় প্রধানগণ নিয়মিত ভাবে তাদের আওতাধীন শিক্ষক ও কর্মচারীদের নিয়মিত উপস্থিতির প্রতিবেদন (সপ্তাহ ভিত্তিক) প্রদানের প্রদান করছেন।

৩। শিক্ষার্থীদের মধ্যে সততা স্টোর বেশ জনপ্রিয় হয়ে উঠেছে।

সভায় উপস্থিত অন্যান্য সদস্যবৃন্দ আহবায়ক মহোদয়ের বক্তব্যের সাথে সহমত পোষণ করেন।

অধ্যক্ষ মহোদয় পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্ত সমূহের ইতিবাচক ফলাফলে সন্তোষ প্রকাশ করেন এবং পরবর্তীতে নৈতিকতার মান উন্নয়নে আরো কার্যকরি পদক্ষেপ নেওয়ার অভিপ্রায় ব্যক্ত করেন।
সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় অধ্যক্ষ মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

25.09.21

সভাপতি

জাতীয় শুদ্ধাচার কৌশল কমিটির নৈতিকতা উপকমিটি

কারমাইকেল কলেজ, রংপুর